দৈনিক সংবাদ

তারিখ ...........
পৃষ্ঠা ২ কলাম ৩

NOV 17 2002

### রাজশাহীতে ছাত্রদল নেতা হত্যা

# ৬ ছাত্রদল নেতার যাবজ্জীবন

**নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী :** রাজশাহীতে একটি হত্যা মামলায় ৬ ছাত্রদল ক্যাডারের যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে। গতকাল শনিবার ১৬ই নভেম্বর রাজশাহীর অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত-৩ এর বিজ্ঞ বিচারক নাসিরউদ্দিন মাহমুদ এই দণ্ডাদেশ প্রদান করেন। আসামিদের প্রত্যেককে ১০ হাজার টাকা করে জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের কারাদন্ড প্রদান করা হয়।

রাজশাহী মহানগর ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক এমরান হোসেন মাসুমকে ছুরিকাঘাতে হত্যা করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধির ৩০২ ও ৩৪ ধারায় আদালত এই রায় দেন। দণ্ডপ্রাপ্ত আসামিদের মধ্যে দু'জন পলাতক রয়েছে। বাকি চারজন জেলহাজতে। দণ্ডপ্রাপ্ত আসামিরা হলো- পলাশ, সানু, বড় কাজল, ছোট কাজল, উজ্জ্বল, খোকন। এর মধ্যে পলাশ ও খোকন পলাতক।

জানা যায়, ১৯৯৯ সালের ১৫ই নভেম্বর প্রয়াত ছাত্রদল নেতা এমরান হোসেন মাসুমের নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলটি কাজীহাটা ১০ তলা ভবনের সামনে আসামাত্র প্রতিপক্ষ ছাত্রদল ক্যাডাররা মাসুমের ওপর আক্রমণ করে। উপর্যুপুরি ছুরিকাঘাতে মাসুম নিহত হয়। নিহতের বড় ভাই এনামুল হোসেন মিলন বাদি হয়ে রাজপাড়া থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। সংগঠনের অভ্যন্তরীণ কোন্দলের জের ধরে এই হত্যাকাণ্ড ঘটানো হয় বলে অভিযোগ রয়েছে।

রাষ্ট্রপক্ষের আইনজীবী ছিলেন এপিপি মোশাররফ হোসেন বুলবুল, পলাতক আসামিদের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী জাহাঙ্গীর আলম সেলিম ও অন্য আসামিদের পক্ষে অ্যাডভোকেট অংকুর সেন এবং অ্যাডভোকেট আশরাফ আলী [illegible] করেন।